দৈনিক সংবাদ

তারিখ 12 APR 1994
পৃষ্ঠা 7 কলাম 2

205

### আজ বেসরকারী শিক্ষকদের মহাসমাবেশ

# সরকারী শিক্ষকদের মতো বেতন স্কেল চালুর দাবি

(নিজস্ব বার্তা পরিবেশক)

বেসরকারী শিক্ষক-কর্মচারীদের জন্য সরকারী শিক্ষক-কর্মচারীদের অনুরূপ পূর্ণাঙ্গ জাতীয় বেতন স্কেল চালু, ট্রাস্টি বোর্ড পুনর্গঠনসহ বিভিন্ন দাবিতে বেসরকারী শিক্ষক-কর্মচারীরা আজ মঙ্গলবার বেলা ১০টায় জাতীয় প্রেসক্লাবের সামনে মহাসমাবেশের আয়োজন করেছেন।

এই মহাসমাবেশকে সর্বাত্মক সফল করার লক্ষ্যে ব্যানার ও পোস্টার নিয়ে অনুষ্ঠানে যোগ দেয়ার জন্য বিভিন্ন সংগঠন পৃথক পৃথক বিবৃতিতে শিক্ষক-কর্মচারীদের প্রতি উদাত্ত আহ্বান জানিয়েছে। বিবৃতিদাতাদের মধ্যে রয়েছে কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটি, ঢাকা মহানগরী শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটি, শিক্ষক সমিতি ফেডারেশন, বাংলাদেশ শিক্ষক সমিতি, সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতি, কলেজ শিক্ষক সমিতি, সহকারী শিক্ষক সমিতি এবং শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশন ঢাকা মহানগরী সংগ্রাম কমিটি।

বাংলাদেশের কমিউনিস্ট পার্টির কেন্দ্রীয় কমিটি ঢাকায় শিক্ষক সমাবেশের কর্মসূচীর প্রতি পূর্ণ সমর্থন জানিয়েছে এবং অবিলম্বে তাদের দাবি মেনে নেয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছে। //